"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর:৩৩.০০.০০০০.০০০.১২৬.১১.০০০৭.২৬-৭৪৯

তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১ জুন ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৫৭.২০২৬-৬০ নং পত্রের সুপারিশক্রমে, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে **"সহকারী সম্প্রসারণ কর্মকর্তা"** (গ্রেড-১০) পদে জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর ১০ম গ্রেডে (টাকা: ৩২,০০০-৭৭,৩০০/- বেতনক্রমে) নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

শর্তাবলী:

ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকরি হতে অপসারণ করতে পারবে;

গ. চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

ঘ. যদি তিনি কোনো বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

ঙ. কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;

চ. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

ছ. এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

জ. উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১৯ অক্টোবর ২০২৬ তারিখ** মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা বরাবর যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

পদের নাম: "সহকারী সম্প্রসারণ কর্মকর্তা" (গ্রেড-১০)

ক্রমিক নং	বিপিএসসি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	নিজ জেলা	পদায়নকৃত কর্মস্থল
১.	জনাব শাহরিয়ার রহমান বিল্লাল	০০০১৬২	কিশোরগঞ্জ	সহকারী সম্প্রসারণ কর্মকর্তা চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল (সম্প্রসারণ ইউনিট) মৎস্য অধিদপ্তর, কক্সবাজার

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ক্রমিক নং	বিপিএসসি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	নিজ জেলা	পদায়নকৃত কর্মস্থল
২.	জনাব মীর তারেকুর রহমান	৩০০০৮১	চট্টগ্রাম	সহকারী সম্প্রসারণ কর্মকর্তা চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল (সম্প্রসারণ ইউনিট) মৎস্য অধিদপ্তর, কক্সবাজার
৩.	জনাব মোঃ নজরুল ইসলাম	৩০০০৯০	কক্সবাজার	সহকারী সম্প্রসারণ কর্মকর্তা জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর খুলনা
৪.	জনাব মোঃ মিনহাজুল হক	২০০০২৪	নওগাঁ	সহকারী সম্প্রসারণ কর্মকর্তা সিনিয়র সহকারী পরিচালকের দপ্তর উত্তর-পশ্চিম মৎস্য সম্প্রসারণ প্রকল্প (রাজস্ব) পার্বতীপুর, দিনাজপুর
৫.	জনাব ছাবিকুন্নাহার	০০০০২১	ব্রাহ্মণবাড়িয়া	সহকারী সম্প্রসারণ কর্মকর্তা চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল (সম্প্রসারণ ইউনিট) মৎস্য অধিদপ্তর, কক্সবাজার

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৭/১০/২০২৬

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
টেলি: ২২৩৩৫৭২৬২

স্মারক নম্বর:৩৩.০০.০০০০.০০০.১২৬.১১.০০০৭.২৬-৭৪৯

তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। পরিচালক (সকল), ----------
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর, ----------

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১১। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ----------।

১৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ----------।

১৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ----------।

১৫। জনাব .....।

১৬। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৭/১০/২০২৫

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
টেলি: ২২৩৩৫৭২৬২